

- ৩। বিশ্বনাথের মৃত্যু হল, নাটু এসে সংবাদ দিল,
ছেড়ে গেল বিশা জন্মের মতন ।
(ও রে) কান্দে বিশার মা জননী বক্ষেতে করাঘাতে হানি,
ছেড়ে গেল অভাগীর নন্দন ॥
- ৪। হরিচাঁদ কাছে গিয়ে, বলে হস্তে স্পর্শিয়ে,
কেন র'লি বিশা অচেতন ।
(ও তার) হাত ধরে টেনে তুলে, তারে লয়ে গোষ্ঠে চলে,
গোষ্ঠ খেলা খেলব এখন ॥
- ৫। হরিচাঁদ লীলা কথা, লীলামৃত গ্রহে তথা,
রসরাজ তারকের বর্ণন ।
(ও মন) হেনলীলা শ্রবণ, করলি না কখন,
মানব জনম তোর অকারণ ॥
- ৬। শত শত ভক্তগণে, হরীলালা শ্রবণে,
ধন্য করে তাদের জনম ।
(ও সে) অধম, মোহন, স্বদোষে পতন,
তার হল না সাধন ভজন ॥
---মোহনলাল পোদ্দার



১৩৩ নং

তাল--একতাল

রাগিনী--মিশ্র মূলতান

আমার মনের অভাব, বাউরি স্বভাব

যায় না মোটে ।